

অধিকারের
জন্য
লিখুন

AMNESTY
INTERNATIONAL



বিষাক্ত গ্যাসে ক্ষতিগ্রস্তদের জন্য ন্যায়বিচার

ভূপালের জনসাধারণ
ভারত

চিঠি লিখুন

একটি জীবনকে বদলে দিন

অধিকারের জন্য লিখুন

AMNESTY
INTERNATIONAL



ত্রিশ বছর আগে মধ্য ভারতের ভূপালে অবস্থিত একটি কীটনাশক কারখানা থেকে বের হওয়া বিষাক্ত গ্যাসে আক্রান্ত হয়ে ৭ থেকে ১০ হাজারের মতো মানুষ মাত্র তিন দিনে মারা গিয়েছিল। আক্রান্তদের অনেকে বেঁচে গেলেও এখনো তারা গুরুতর স্বাস্থ্য সমস্যায় ভুগছে। সূনির্দিষ্টভাবে বললে মেয়েদের কথা বলতে হয়। বিষাক্ত গ্যাসে আক্রান্ত হয়ে তারা দীর্ঘমেয়াদী স্বাস্থ্য সমস্যায় ভুগছে। এখানেই শেষ নয়। রাসায়নিক দ্রব্যে বিষাক্ত হয়ে থাকা পরিত্যক্ত কারখানার আশপাশের এলাকায় বসবাসকারী মানুষেরা মারাত্মক স্বাস্থ্য ঝুঁকিতে আছে।

আন্দোলনকর্মী রামপিয়ারী বাই ও সাফরিন খান সেই বিপর্যয়ের ভয়াবহতার সবটা জানেন। ঘটনার রাতে রামপিয়ারীর পুত্রবধূ সাতমাসের গর্ভবতী ছিলেন। কারখানার বিষ ছড়িয়ে পড়লে হঠাৎ করেই তার প্রসববেদনা উঠে; তবে সে ও তার নবজাতক সন্তান কিছুক্ষণ পর হাসপাতালে মারা যায়। রামপিয়ারী নিজে ক্যান্সারের সঙ্গে লড়াই করছেন।

সাফরিনের বাবার গুরুতর হার্টের সমস্যা ছিল, আর মায়ের চোখের সমস্যা আছে। সাফরিন আমাদেরকে জানিয়েছেন যে, ওই ঘটনার পর থেকে তাদের এলাকার অনেক শিশু প্রতিবন্ধিতা ও অঙ্গপ্রত্যঙ্গের বিকৃতি নিয়ে জন্মেছে। স্থানীয় বাসিন্দারা বিশ্বাস করেন যে, বিষাক্ত কীটনাশকে দূষিত জল খেতে বাধ্য হওয়ার কারণে বড় পরিসরে ছড়িয়ে পড়া স্বাস্থ্য সমস্যাগুলো আরো গুরুতর হচ্ছে।

ত্রিশ বছর ধরে রামপিয়ারী, সাফরিন এবং ভূপালের জনগণ ন্যায়বিচার প্রার্থনা করছে। বিষাক্ত গ্যাসে আক্রান্ত বেঁচে থাকা মানুষেরা তাদের জখম সারিয়ে তোলার মতো পর্যাাপ্ত ক্ষতিপূরণ পায়নি। অনেকেই আগের চেয়ে আরো গরিব হয়ে গেছে। এদিকে দূষিত কারখানা এলাকা পরিষ্কার করা হয়নি এবং এই ঘটনার জন্য দায়ী কোম্পানিগুলোকে জবাবদিহিতায় আওতায় আনা হয়নি।



চিঠি লিখুন

একটি জীবনকে বদলে দিন

ভারতের প্রধানমন্ত্রীকে লিখুন

কারখানা এলাকা দূষণমুক্ত করা এবং গ্যাস ছড়িয়ে পড়া ও দূষণ অব্যাহত থাকার জন্য দায়ী কোম্পানিগুলোকে জবাবদিহিতার আওতায় আনতে ভারত সরকারের কাছে লিখুন।

লিখুন: Narendra Modi, Prime Minister of India,
Prime Minister's Office, South Block,
Raisina Hill, New Delhi-110011, India

Fax: +91 11 2301 9545,
+91 11 2301 6857

Twitter: @NarendraModi

Facebook: facebook.com/narendramodi

ভূপালের জনগণের আলো

ভূপাল বিপর্যয়ের ৩০ তম বার্ষিকী স্মরণে ৩ ডিসেম্বর ২০১৪ তারিখে ভূপালের বাসিন্দারা একটি মশাল মিছিল করবে। ন্যায়বিচার প্রতিষ্ঠার সেই আন্দোলনে আমরা আপনাদের অংশগ্রহণ চাইছি। এজন্য আপনাকে আলোসহ (সেটা হতে পারে মোমবাতি, টর্চ, লাইটার, হারিকেন ইত্যাদি) নিজের ছবি তুলতে হবে; এবং সেই ছবি জরুরি পদক্ষেপ নেওয়ার আহ্বানসহ ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে @narendramodi টুইট করতে হবে।